

আমাদের জাতিসত্তার সংগ্রাম ,২১ থেকে ৭১

হারুন রশীদ আজাদ (সিডনি থেকে) azad.banglamedia@gmail.com

১৯৪৯শে, বাংলায় এসে পাকিস্তানি জিন্নাহ বলেছিলেন । state language should be Urdu and Urdu.

পাক বাহিনীর দালালেরা ধরবে দেশের হাল !
উর্দু হবে রাষ্ট্রভাষা ।- আমরা কি তবে , পাল ?

না! না ! করে প্রতিবাদে উঠল যে সেই ঢেউ !
রুখতে কেউ পারবেনা যে, বুঝেনি তা কেউ !

সেদিন প্রভাতের সূর্যছিল রক্ত লালের আগুন ।
বাংলা তারিখ ছিল সেদিন ১৩৫৮'র ৮ই ফাগুন !
১৯৫২'র ২১ শে ফেব্রুয়ারি ধরে ,গাথা হয় গান ,
ঘুমন্ত বাঙালী জেগে, দিতে থাকে প্রাণ !

শুরু হয় রক্ষা করা, নিজের অভিধান !
বাংলা আমার মায়ের ভাষা ,বাংলা আমার গান !
প্রয়োজনে টেলে দেব রক্ত না হয় প্রাণ ।

পাকিস্তানি জংলী দানব ,ক্ষেপে উঠে জেনে !
জিন্নাহ-নাজিমুদ্দিনেরা সুধায় , নাওনা দাবি মেনে ।
মাহায়া যালিকা কত মধুর ভাষা ,
বাংলার কোন কদর নেই উর্দুটাই খাসা !

বীর বাঙালী লাখি মারে , উর্দুওয়ালার পাছায় ,
মেকুর দালাল আধো বাঙালীর খুমটি ধরে নাচায় ।

পাক বাহিনী বুঝে গেল এবার রক্ষা নাই,
তলপি-তলপা নিয়ে এবার চল জান বাচাই !
এমনি করে ৫২থেকে ৭১ এল ,
নিরস্ত্র জনতা সমস্ত হলো ।

যুদ্ধ যখন শুরু হল বিদায় পাকিস্তান,
আধা গেল ঘরে ফিরে বাকি গোরস্তান ।

বিশ্বব্যাপি জেনে গেল পাক সেনাদের কাহিনী ।
৫২থেকে ৭১'র বিশ্বসেরা, বংগশাহুর্দুল বাহিনী ।

ইদানিং আবার মাথা তুলেছে বিশ্বাস ঘাতকের দল ।
সামনে আছে কথার ঝুড়ি , পেছনে , মানুষ মারার কল ।

পালিয়ে থাকা আধো বাঙালী পাকসেনাদের দালাল ,
এখন আবার ফিরে ঘরে , হারাম করছে হালাল !

এমন জাতের পোষ্য দালাল পেলে কেহ ভাই ,
উচিত শিক্ষা দিবেন তাদের , বলার কিছু নাই ।
